Pursuant to Section 108 of the Companies Act, 2013 Rule 20 of the Companies (Management and Administration) Rules,2014 (as amended) and regulation 44 of the Securities and Exchange Board of India (Listing Obligations & Disclosure Requirements) Regulations, 2015 (as amended), the Company is providing facility of remote e-voting to its members in respect of the business to be transacted at the AGM. For this purpose, the Company has engaged Central Depository Services (India) Limited (CDSL).

The remote e-voting period begins on 26-09-2021 at 9.00 a.m. and will end on 28-09-2021at 5.00 p.m. During this period shareholders' of the Company, holding shares either in physical form or dematerialized form, as on the cut-off date i.e.22-09-2021 may cast their vote electronically. The e-voting module shall be disabled by CDSL for voting thereafter. Those Members, who shall be present in the AGM through VC/ OAVM facility and had not cast their vote on the Resolutions through remote e-voting, shall be eligible to vote through e-voting system during the AGM may attend/participate in the AGM through VC/OAVM but shall not be entitled to cast their vote again. Any member who is not a member as on the cut off date should treat this Notice for information purposes only.

Members may access the CDSL e-voting website at www.evotingindia.com under shareholders/ members module. The same link is valid for joining the AGM on the meeting day. The detailed instructions for the remote e-voting process, joining the AGM and e-voting during the AGM are given in the Notice of the AGM. The attendance of Members attending the AGM through VC/OAVM will be counted for the purpose of reckoning the quorum under section 103 of the Act.

Those members whose e-mail ids are not registered with the depositories for obtaining login credentials for e-voting are requested to send required details and documents by following instructions below.

1. For Physical shareholders- The members are requested to provide details such as Folio No. Name, E-mail ID, Mobile No image of self attested Pan Card and share certificate in PDF/ JPG/ JPEG. In case of any query a member may send an e-mail to Registrar and Share Transfer Agent (RTA) at absconsultant99@gmail.com

2. For Demat shareholders- Please contact your Depository Participants (DP)and register your e-mail address in your demat account as per the process advised by your DP.

The results declared along with the report of scrutinizer shall be placed on the website of the Company at www.scottishassam.com and on the website of the CDSL i.e. www.evotingindia.com immediately after the declaration of results by the Chairman or a person authorized by him in writing.

If you have any queries or issues regarding attending AGM & e-voting (e-voting system), you may refer the Frequently Asked Questions ("FAQs") and e-voting manual which is available at www.evotingindia.com, under help section or write an email to helpdesk.evoting@cdslindia.com or contact Mr. Nitin Kunder (022-23058738) or Mr. Mehboob Lakhani (022-23058543) or Mr. Rakesh Dalvi (022-23058542).

All grievances connected with the facility for voting by electronic means may be addressed to Mr. Rakesh Dalvi, Manager, (CDSL) Central Depository Services (India) Limited, A Wing, 25th Floor, Marathon Futurex, Mafatlal Mill Compounds, N M Joshi Marg, Lower Parel (East), Mumbai - 400013 or send an email to helpdesk.evoting@cdslindia.com or call on 022-23058542/43.

By Order of the Board
For THE SCOTTISH ASSAM (INDIA) LIMITED
Divya Jalan
Director

Date: 04/09/2021
Place: Kolkata

Annexure A

Narnolia Financial Advisors Limited

236B, AJC Bose Road, office 201, Kolkata 700020

PUBLIC NOTICE

This is to bring to the notice of general public that Narnolia Financial Advisors Limited has ceased to function as a Participant of National Securities Depository Limited (NSDL) as its Participantship has been surrendered. The certificate of registration granted to Narnolia Financial Advisors Limited has been cancelled by the Securities and Exchange Board of India with effect from June 14, 2021. Henceforth, Narnolia Financial Advisors Limited shall not carry on any activity as a Participant of NSDL.

In case any Client of Narnolia Financial Advisors Limited has any grievance or dispute in respect of the depository services rendered by Narnolia Financial Advisors Limited while it was functioning as a Participant of NSDL, he/she/it may report the same in writing to "The Officer Incharge", Investor Relationship Cell, National Securities Depository Limited, 4th Floor, 'A' Wing, Trade World, Kamala Mills Compound, Senapati Bapat Marg, Lower Parel (West), Mumbai 400013, within 30 days of publication of this notice or email at_relations@nsdl.co.in. No grievances/claims/ disputes etc. will be entertained after this date.

For Narnolia Financial Advisors Limited
Sd/-
Director

Shree Hanuman Sugar & Industries Ltd.

CIN: L15432WB1932PLC007276

Regd. Office: Chandra Kunj, 3. Pretoria Street 4th Floor, Kolkata - 700 071

Phones: 2282 1169(4 Lines), 2282 1183(2 Lines), Fax: (033) 2282 1187/1188

E-mail: info@hanumansugar.com. Website: www.hanumansugar.com

NOTICE OF 91st ANNUAL GENERAL MEETING

91st Annual General Meeting ("AGM") of the Company will be held through Video Conferencing ("VC")/Other Audio Visual Mean)"OAVM") on Wednesday, 29th September, 2021 at 12:00 PM (IST) in compliance with the applicable provisions of the Companies Act, 2013 and Rules made thereunder and the Securities and Exchange Board of India ("SEBI") (Listing Obligations and Disclosure Requirements), Regulations, 2015, read with General Circular No. 14/2020, 17/2020 and 20/2020 and 02/2021 dated 8th April, 2020, 13th April, 2020, 5th May, 2020 and 13th January, 2021 respectively, issued by Ministry of Corporate Affairs (MCA) and Circular nos. SEBI/HO/CFD/CMD1/CIR/P/2020/79 and SEBI/HO/CFD/CMD2/CIR/P/2021/11 dated 12th May, 2020 and 15th January, 2021 respectively, issued by Securities and Exchange Board of India (SEBI) ("relevant circulars") to transact the businesses set forth in the Notice calling the AGM. Member(s) will be able to attend the AGM through VC/OAVM at https://www.evoting.nsdl.com. Member(s) participating the meeting through VC/OAVM facility shall be reckoned for the purpose of quorum under Section 103 of the Companies Act, 2013.

In compliance with the relevant circulars, the Notice of the AGM and the standalone financial statements for the financial year 2020-21, along with Boards Report, Auditor's Report and the other documents required to be attached threreto have been sent on 04th September, 2021 to the Members of the Company whose email addresses are registered with the Company/Depository Participant(s). The aforesaid documents are also available on the Company's website at https://hanumansugar.com/annual/Annual_report_March_31__2021.pdf, and websites of the BSE Limited and CSE Ltd. at https://www.bseindia.com/ and https://www.cse-india.com/ respectively.

The voting rights of members shall be in proportion to the equity shares held by them in the paid-up share capital of the Company as on the "cut-off date" i.e., Wednesday, September 22, 2021.

In compliance with Section 108 of the Act, read with Rule 20 of the Companies (Management and Administration) Rules, 2014, ("Rules") and Regulation 44 of SEBI Listing Regulations members, are provided with the facility to exercise their right to vote on the resolutions proposed to be passed at the AGM as set forth in the Notice of AGM, using an electronic voting system ("remote e-voting"), provided by National Securities Depository Limited ("NSDL").

Further the facility for voting through electronic voting system will also be made available at the AGM and the members attending the AGM who have not cast their vote(s) by remote e-voting will be able to vote at the AGM. A member may participate in the AGM even after exercising his/her right to vote through remote e-voting but shall not be allowed to vote again in the meeting.

Information and instructions including details of the user Id and password relating to e-voting has been sent to the members through email. The same login credentials may be used for attending the AGM through VC/OAVM.

The manner of remote e-voting and e-voting at the AGM by the members holding shares in dematerialised mode, physical mode and for members who have not registered their email addresses is provided in the Notice of the AGM and is also available on the Company's website at https://hanumansugar.com/annual/Annual_report_March_31__2021.pdf and on the websites of the BSE Ltd and CSE Ltd. at https://www.bseindia.com/ and https://www.cse-india.com/ respectively and on the website of NSDL at www.evoting.nsdl.com.

The remote e-voting period commences on Saturday, September 25, 2021 from 9.00 a.m. (IST) and ends on Tuesday, September 28, 2021 at 5.00 p.m. (IST). The remote e-voting shall not be allowed beyond the said date and time.

A person who has acquired shares and become a member of the Company as on the cut-off date i.e., Wednesday, September 22, 2021 only shall be entitled avail the facility of remote -e-voting or for participation at AGM and e-voting at the AGM.

Any person who has acquired shares and becomes a member of the Company after the despatch of notice of the AGM and holding shares as on cut-off date, may obtain the long in ID and password by sending a request at evoting@nsdl.co.in. If the members are already registered with NSDL for e-voting, then he/she can use his/her existing User ID and Password for casting the vote through remote e-voting.

In case of any queries, pertaining to e-voting members may refer the Frequently Asked Questions (FAQs) for members and e-voting user manual for members available at the download section of www.evoting .nsdl.com or call on toll free no. 1800-222-990 or send a request at evoting@nsdl.co.in.

Pursuant to the provisions of Section 91 of the Act, read with Rule made thereunder and Regulation 44 of SEBI Listing Regulations, the Register of Members and Share Transfer Books shall remain closed from September 23 2021 to September 29, 2021 (both days inclusive) for the purpose of AGM.

For Shree Hanuman Sugar & Industries Ltd.
Sd/-
Khushboo Doshi
Company Secretary

Place: Kolkata
Date : 05/09/2021

ADVENTZ SECURITIES ENTERPRISES LIMITED

CIN: L36993WB1995PLC069510

Regd. Office: Hongkong House, 31, B. B. D. Bagh (S), Kolkata -700 001

Tel: +91 33 2248 8891/92, **Email:** corp@poddarheritage.com

Website: www.poddarheritage.com

NOTICE OF 37TH ANNUAL GENERAL MEETING, CLOSURE OF REGISTER OF MEMBERS AND REMOTE E-VOTING INFORMATION

Notice is hereby given that the 37th Annual General Meeting (AGM) of the Members of the Company will be held on Wednesday, 29th September, 2021 at 11:00 AM at the Registered Office of the Company at Hongkong House, 31 B.B.D Bagh(S), Kolkata - 700 001.

The Annual Report along with the Proxy Forms and Attendance slips and the Notice of the Meeting setting out the Ordinary businesses to be transacted thereat together with the Audited Financial Statements for the year ended 31st March 2021, Auditors Report and Directors Report have been sent to the members whose name appears on the Register of Members, electronically to those with registered email ID and physically to the rest on their registered addresses.

Members are hereby informed that the Notice of the Meeting and the aforesaid documents are available on the Company's website http://www.poddarheritage.com and www.cdslindia.com and copies of the said documents are also available for inspection at the Registered Office of the Company on all working days, except Saturdays during business hours up to the date of meeting.

Pursuant to Section 91 of Companies Act, 2013, ("the Act") read with Rule 10 of the Companies (Management and Administration) Rules, 2014, **the Register of Members will remain closed from Tuesday, 21st September, 2021, to Wednesday, 29th September, 2021 (both days inclusive)** for the purpose of AGM.

Pursuant to Section 108 of the Act read with Rule 20 of the Companies (Management and Administration) Rules, 2014 as amended and Regulation 44 of the Securities and Exchange Board of India (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015 and the Secretarial Standard on General Meeting ('SS-2') issued by the Institute of Company Secretaries of India, as amended from time to time, the Company is pleased to provide remote e-voting facility to all its Members to cast their vote on all resolutions set forth in the Notice of the AGM using electronic voting system from a place other than the venue of the AGM (remote e-voting) provided by CDSL and the business may be transacted through such remote e-voting. **The voting rights of the Members shall be in proportion to their share of paid-up equity share capital of the Company as on the cut-off date of Monday, 20th September, 2021.** Any person who is a Member of the Company as on the cut-off date, holding shares in either dematerialized or physical form, is eligible to cast their vote on all the resolutions set forth in the Notice of AGM, using remote e-voting.

The remote e-voting period commences on Friday, 24th September, 2021 09.00 A.M. and ends on Tuesday, 28th September, 2021, 5.00 P.M. During this period, Members may cast their votes electronically. The remote e-voting module will be disabled by CDSL thereafter. Once the vote on a resolution is cast by the Member, the Member shall not be allowed to change it subsequently. Members who have cast their vote by remote e-voting may attend the AGM but shall not be entitled to cast their vote while members who have not cast their vote shall be able to exercise their voting rights at the AGM.

A person who has acquired shares and become a member of the Company after dispatch of Notice of AGM and holding shares as on cut-off date, may obtain the login ID and password by sending a request to CDSL. However if such person is already registered with CDSL for remote e-voting then the existing user ID and password may be used for casting votes. For any queries/grievances, in relation to remote e-voting, Members may contact the Company's Registrar and Share Transfer Agent at the address / telephone Nos: Zuari Finserv Limited, Registrar & Share Transfer Agent, (Unit: Adventz Securities Enterprises Limited), Corporate One, First Floor, 5 Commercial Centre, Jasola, New Delhi - 110025, Contact No.: (011) 46581300, 41697900,Fax: (011) 40638679, www.zuarimoney.com,E-Mail: helpdesk.evoting@cdslindia.com with a copy to corp@poddarheritage.com.

A member entitled to attend and vote at the meeting is entitled to appoint a Proxy to attend and vote on a poll instead of himself/herself and the Proxy need not be a member of the Company. The Instrument appointing Proxy to be valid should be deposited at the Registered Office of the Company not less than 48 hours before the commencement of the meeting.

Note: The Company is taking all the necessary precautions to deal with the current pandemic safety standards during the AGM.

For Adventz Securities Enterprises Limited
Sd/-
Punam Singh
Company Secretary
Mem No.: A38649

Date : 04th September, 2021
Place : Kolkata

বাইডেনের মার্কিনমুলুকে যেতে পারেন মোদী

সুখবর ব্যুরো, নয়াদিল্লি : আফগান-ই-স্তানে তালিবান জমানার মধ্যেই মার্কিন যুক্তরাষ্ট্র সফরে যেতে পারেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। যদিও এই সফর নিয়ে সরকারের তরফে এখনো আনুষ্ঠানিক কোনো ঘোষণা হয়নি। সংবাদ সংস্থা সূত্রে খবর, সেপ্টেম্বর মাসের শেষের দিকে প্রধানমন্ত্রী মার্কিন যুক্তরাষ্ট্র সফরে যেতে পারেন। আর এটা হলে করোনা অতিমারি শুরুর পর ও জো বাইডেন মার্কিন প্রেসিডেন্ট হওয়ার পর এটাই হবে মোদীর প্রথম মার্কিন সফর। জানা গেছে, সব ঠিক থাকলে ২৩ বা ২৪ সেপ্টেম্বর মার্কিন যুক্তরাষ্ট্রে যেতে পারেন প্রধানমন্ত্রী। ওয়াশিংটনে মার্কিন প্রেসিডেন্ট বাইডেনের সঙ্গে বৈঠক করবেন তিনি। এরপর নিউ ইয়র্কে রাষ্ট্রসংঘের সাধারণ সভার ৭৬তম অধিবেশনে শামিল হওয়ার কথা রয়েছে তাঁর। বলে রাখা ভাল, রাষ্ট্রসংঘের নিরাপত্তা পরিষদের অস্থায়ী সদস্য ভারত। আগস্ট মাসে পরিষদের সভাপতিত্ব করেছে দেশ। সেই সময় আফগান-ই-স্তান নিয়ে বেশ কয়েকটি প্রস্তাব পাশ করা হয়েছে নিরাপত্তা পরিষদে। এই পরিস্থিতিতে এটা পরিষ্কার, এবার রাষ্ট্রসংঘের সাধারণ সভায় আফগান-ই-স্তানে তালিবানি শাসন নিয়ে আলোচনা হবে। সূত্রের খবর, মার্কিন যুক্তরাষ্ট্র সফরকালে বাইডেনের সঙ্গে বৈঠক করবেন মোদী। সেই বৈঠকে আলোচনার মূল বিষয় হবে আফগান-ই-স্তান ও তালিবানের উত্থান। একইসঙ্গে কোয়াড গোষ্ঠী নিয়েও আলোচনা হতে পারে দুই রাষ্ট্রনায়কের। আফগান-ই-স্তানে চিন, পাক-ই-স্তান ও রাশিয়ার প্রভাব বাড়ায় মার্কিন যুক্তরাষ্ট্রও কোয়াড নিয়ে যথেষ্ট তৎপর। বলে রাখা ভালো, চতুর্দেশীয় অক্ষ বা কোয়াডের সদস্যরা হচ্ছে মার্কিন যুক্তরাষ্ট্র, ভারত, জাপান ও অস্ট্রেলিয়া। মূলত, চিনকে চাপে রাখতেই ৪ দেশের এই জোট। এদিকে, জম্মু ও কাশ্মীর নিয়ে বিবৃতি দিয়ে ভারতের জন্য বিপদ ঘণ্টা বাজিয়ে দিয়েছে তালিবান। কাশ্মীরি মুসলিমদের হয়ে 'কথা বলবে' বলে জানিয়েছে তারা। শুক্রবার তালিবানের মুখপাত্র সুহেল শাহিন কাতারের অফিসে এক সাক্ষাৎকারে জানান, কাশ্মীরের মুসলিমদের স্বপক্ষে কথা বলা তাদের অধিকারের মধ্যে পড়ে। শুধু ভারত নয়, বিভিন্ন দেশের মুসলিমদের সঙ্গেও তারা এভাবে কথা বলতে পারে। আসলে, মুসলিমদের নিজেদের দলে টানতেই তালিবানের এই ভাবনা বলে মনে করা হচ্ছে। আর এই সব ঘটনার নেপথ্যে যে পাক-ই-স্তান তা স্পষ্ট। এই বিষয়ে কড়া বার্তা দিয়ে রাষ্ট্রসংঘের নিরাপত্তা পরিষদে ভারতের বিদেশ সচিব হর্ষবর্ধন শ্রিংলা সাফ বলেছেন, তালিবানের লালনপালন করেছে পাক-ই-স্তান।

ভোট ঘোষণার ফলে বাতিল মমতার ৩ দিনের উত্তরবঙ্গ সফর

সুখবর ব্যুরো, কলকাতা: আপাতত বাতিল হয়ে গেল মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের উত্তরবঙ্গ সফর। ৩০ সেপ্টেম্বর ভবানীপুর বিধানসভা কেন্দ্রে উপনির্বাচন হবে। ওই কেন্দ্রে তৃণমূলের হয়ে প্রতিদ্বন্দ্বিতা করবেন মুখ্যমন্ত্রী। শনিবার ভবানীপুর কেন্দ্রের উপনির্বাচনের ও জঙ্গিপুর, সামশেরগঞ্জ বিধানসভা কেন্দ্রের নির্বাচনে নির্ঘণ্ট ও প্রকাশ করেছে নির্বাচন কমিশন। এদিন থেকেই আদর্শ আচরণবিধি চালু হয়ে গেছে। প্রশাসনিক সূত্রে খবর, ভোটের কারণে আপাতত স্থগিত রাখা হয়েছে মুখ্যমন্ত্রীর উত্তরবঙ্গ সফর। আগামীকাল শিলিগুড়ি যাওয়ার কথা ছিল মুখ্যমন্ত্রীর। ৩ দিনের সফরে উত্তরবঙ্গের বিভিন্ন জেলা প্রশাসনের সঙ্গে বৈঠক, পরিষেবা প্রদান অনুষ্ঠানে যোগ দেওয়ার কথা ছিল বলে জেলা প্রশাসন সূত্রে জানা গেছে। ভোট মিটলে জেলা সফরে বেরোবেন মুখ্যমন্ত্রী। জেলা প্রশাসন সূত্রে আরো জানা গেছে, এবার মুখ্যমন্ত্রীর উত্তরবঙ্গ সফরের জন্য একটি হেলিকপ্টার তৈরি রাখা হয়েছিল। অন্যান্যবার সড়ক পথেই উত্তরবঙ্গের অন্যান্য জেলার মধ্যে যাতায়াত করতেন মুখ্যমন্ত্রী।

বিচারপতি নিয়োগ নিয়ে কেন্দ্রের প্রশংসায় প্রধান বিচারপতি


প্রধান বিচারপতি এন ভি রামানা

সুখবর ব্যুরো, নয়াদিল্লি : বিচারপতি নিয়োগ নিয়ে কেন্দ্রের তৎপরতার ভূয়সী প্রশংসা করলেন প্রধান বিচারপতি এন ভি রামানা। দিন কয়েক আগেই সুপ্রিম কোর্টের কলেজিয়ামের সুপারিশ মেনে একসঙ্গে ৯ জন বিচারপতির নিয়োগে ছাড়পত্র দিয়েছে কেন্দ্রীয় আইনমন্ত্রক। কোনো আপত্তি ছাড়াই কেন্দ্র এই পদক্ষেপ করায় খুশি প্রধান বিচারপতি এনডি রামানা। যদিও বিচার ব্যবস্থার মধ্যে বহু খামতি থাকায় তা নিয়ে আক্ষেপ করেন তিনি। শনিবার বার কাউন্সিল অফ ইন্ডিয়ার এক অনুষ্ঠানে রামানা দেশের বিভিন্ন হাই কোর্টে বিচারপতির অভাবের প্রতি আলোকপাত করেন। তবে তাঁর আশা আর মাসখানেকের মধ্যেই দেশের হাই কোর্টগুলির ৯০ শতাংশ বিচারপতির শূন্যস্থান পূরণ হয়ে যাবে। তিনি বলেন, 'আর মাসখানের মধ্যেই দেশের হাই কোর্টগুলির অন্তত ৯০ শতাংশ শূন্যস্থান পূরণ হয়ে যাবে। আমাদের আইনমন্ত্রীকে ধন্যবাদ। মাত্র ৬ দিনের মধ্যে তিনি কোনো আপত্তি না জানিয়েই ৯ জন বিচারপতির নামে ছাড়পত্র দিয়েছেন।' উল্লেখ্য, গত ৩১ আগস্ট ৩ মহিলা বিচারপতি-সহ মোট ৯ জন সুপ্রিম কোর্টের বিচারপতি হিসেবে শপথ নিয়েছেন। একসঙ্গে এতজন শীর্ষ আদালতের বিচারপতির শপথ নেওয়ার ঘটনা দেশের ইতিহাসে এই প্রথম। শীর্ষ আদালতের বিচারপতি নিয়োগের জন্য মাত্র ১০ দিন আগে প্রধান বিচারপতি রামানার নেতৃত্বে গঠিত সুপ্রিম কোর্ট কলেজিয়াম ৯টি নামের সুপারিশ করেছিল। মাত্র কয়েকদিনের মধ্যে ওই সুপারিশে ছাড়পত্র দেয় কেন্দ্রীয় আইনমন্ত্রক। এদিন বার কাউন্সিলের অনুষ্ঠানে পালটা প্রধান বিচারপতির প্রশংসা করেন সলিসিটর জেনারেল তুষার মেহেতাও। তিনি বলেন, বিচারপতি রামানা একজন ভালো বিচারপতি হওয়ার পাশাপাশি ভালো মানুষও। প্রধান বিচারপতি ঈশ্বরকে ভয় পান না। ঈশ্বরের প্রতি তাঁর ভালোবাসা আছে। তিনি এমন একজন কর্তা, যিনি নিজে কাজ করেন।

খড়্গপুরে জেলা পুলিশের উদ্যোগে পথ নিরাপত্তা সপ্তাহ

সুমনকুমার দাস, খড়্গপুর : পশ্চিম মেদিনীপুর জেলা পুলিশের উদ্যোগে ১ সেপ্টেম্বর থেকে সপ্তাহব্যাপী পথ নিরাপত্তা সপ্তাহ শুরু হয়েছে। শনিবার সকালে খড়্গাপুর ট্রাফিক পুলিশের পরিচালনায় খড়্গাপুর বাস স্ট্যান্ডে পথ নিরাপত্তা সংক্রান্ত এক অনুষ্ঠান হয়। ছিলেন খড়্গাপুর টাউন থানার আইসি বিশ্বরঞ্জন বন্দ্যোপাধ্যায়, ট্রাফিক ওসি তাপস পাল সহ অনেকে। এদিন স্কাউট গাইড ফেলোশিপের সদস্যরা পথ নিরাপত্তা নিয়ে সচেতনতামূলক পথনাটিকা পরিবেশন করেন। সংস্থার সদস্য বিভু কানুনগো বলেন, 'পথ দুর্ঘটনা এড়াতে ট্রাফিক নিয়ম পালন করা জরুরি। নাটকের মাধ্যমে সেই বার্তাই দেওয়া হয়েছে।' টাউন থানার আইসি বলেন, 'মুখ্যমন্ত্রীর নির্দেশে রাজ্য জুড়ে পথ নিরাপত্তা সপ্তাহ পালন করা হচ্ছে।' তিনি হেলমেট পরা সহ বিপজ্জনকভাবে বাইক ও ৪চাকা না চালানোর আবেদন জানান। উল্লেখ্য, কিছুদিন আগে আইআইটি ফ্লাইওভারে দ্রুত গতিতে বাইক চালাতে গিয়ে পথ দুর্ঘটনায় এক যুবকের মৃত্যু হয় ও ১জন জখম হন। খড়্গাপুর শহরে প্রায়ই এমন ঘটনা ঘটছে বলে পুলিশ আরো সতর্ক।

ফের জোড়া সোনার দিন

১ পাতার পর

সিংহরাজ। পি ফোর মিক্সড ৫০ মিটার পিস্তল এসএইচ ওয়ান ইভেন্টের ফাইনালের প্রথম দশ শট শেষে বেশ খানিকটা পিছিয়ে ছিলেন প্যারা শুটিং বিশ্বকাপে সোনা জিতে ইতিহাস রচনা করা মণীশ নারোয়াল। সেখান থেকেই ধীরে ধীরে উত্থান ঘটতে থাকে ১০ মিটার এয়ার পিস্তল এসএইচ ওয়ানের বিশ্ব তালিকার চতুর্থ স্থানে অবস্থান করা ১৯ বছরের প্যারা শুটার। মিক্সড ৫০ মিটার পিস্তল এসএইচ ওয়ান ইভেন্টে বিশ্ব রেকর্ডের মালিক মণীশ প্যারালিম্পিকের চূড়ান্ত পর্বের লড়াইয়ের শেষ দুই সিরিজ থেকে ১০.৮ ও ১০.৫ পয়েন্ট হাসিল করে সোনা জিততে সক্ষম হন।

অন্যদিকে পি ফোর মিক্সড ৫০ মিটার পিস্তল এসএইচ ওয়ান ইভেন্টের ফাইনালে প্রথম দশটি শটের পর ৯২.১ পয়েন্ট নিয়ে শীর্ষ স্থানে অবস্থান করছিলেন ভারতের সিংরাজ আদানা। এরপর তাঁকে টপকে যান রাশিয়ান প্যারালিম্পিক কমিটির সার্গেই মালিসেভ। পঞ্চম সিরিজ পর্যন্ত তিনিই সোনার পদক জয়ের দাবিদার ছিলেন। শেষে দুই সিরিজে রাশিয়ার প্যারা শুটারকে হারিয়ে দেন ভারতের মণীশ ও সিংরাজ। সর্বমোট ১৯৬.৮ পয়েন্ট নিয়ে টোকিও প্যারালিম্পিকের পি ফোর মিক্সড ৫০ মিটার পিস্তল এসএইচ ওয়ান ইভেন্ট থেকে ব্রঞ্জ জিততে সক্ষম হন সার্গেই মালিসেভ। সোনাজয়ী মণীশ নারোয়ালের সঙ্গে ফোনে কথা বলেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। চ্যাম্পিয়ন প্যারা শুটারকে দেশের গর্ব ও অনুপ্রেরণা বলে সম্বোধন করেছেন প্রশাসনিক প্রধান। আগামী দিনে মণীশের থেকে আরও সাফল্য আশা করেছেন মোদী।

ট্যুইটারে নরেন্দ্র মোদী লিখেছেন, 'টোকিও প্যারালিম্পিক্সে (ভারতের) গর্বের দিন অব্যাহত। তরুণ ও দুরন্ত প্রতিভাবান মণীশ নারোয়াল অসাধারণ সাফল্য পেয়েছে। ওর সোনা জয় ভারতীয় স্পোর্টসের জন্য বিশেষ একটি মুহূর্ত। ওকে অনেক শুভেচ্ছা। আগামী দিনের জন্য ওকে শুভেচ্ছা জানাই।' রুপোজয়ী সিংরাজ আদানাকে শুভেচ্ছা জানিয়ে তিনি আবার লিখেছেন, 'অসাধারণ ভাবে সিংরাজ আদানা আবারও পদক এনে দিয়েছে। ও আরো একটি পদক পেয়েছে। এ বার ও মিক্সড ৫০মিটার পিস্তল এসএইচওয়ান ইভেন্টে পদক পেয়েছে। ওর এই সাফল্যে গোটা দেশ উচ্ছ্বসিত। ওকে অনেক শুভেচ্ছা। আগামী দিনে ওর সাফল্যের জন্য শুভেচ্ছা জানাই।'

প্যারালিম্পিক্সের মঞ্চে এমন সাফল্য ভারত কখনও পায়নি। ১৯৬৮ থেকে ২০১৬ পর্যন্ত ভারতের মোট পদকের সংখ্যা ছিল ১২। শুক্রবারই তা ভেঙে দিয়েছিলেন এবারের তরুণ তারকারা। শনিবার ইতিহাস তৈরি করলেন সকলে। এখনও একদিন রয়েছে। ভারতের পদকের সংখ্যা কত হয় সেটাই দেখার।

যৌনকর্মীদের খতম তালিকা তালিবানের

কাবুল : কাবুলের দখল নেওয়ার পরে আফগান-ই-স্তানের যৌনকর্মীদের তালিকা তৈরি করছে তালিবান। এমনটাই দাবি করা হয়েছে এক রিপোর্টে। সংবাদ সংস্থা 'দ্য সান অনলাইন' এই রিপোর্ট দিয়েছে। সেখানে বলা হয়েছে, প্রাথমিকভাবে মনে করা হচ্ছে, তালিকায় নাম থাকা যৌনকর্মীদের খুঁজে বের করে তাঁদের মেরে ফেলা হতে পারে।

রিপোর্টে দাবি করা হয়েছে, তালিবান কাবুলের দখল নেওয়ার পরেই যৌনকর্মীদের অনেকে দেশ ছেড়ে পালিয়েছেন। কিন্তু অনেকে এখনো আফগান-ই-স্তানের বিভিন্ন প্রদেশে লুকিয়ে রয়েছেন। পর্ন সাইট খতিয়ে দেখে যৌনকর্মীদের তালিকা তৈরি করছে তালিবান। তার পরে সেই তালিকা মিলিয়ে মহিলাদের খুঁজে বের করা হবে। তাঁদের মধ্যে যাঁরা বিদেশিদের সঙ্গে যৌনকর্মে লিপ্ত হয়েছেন, তাঁদের মেরে ফেলা হতে পারে বলে খবর। বাকিদের যৌনদাসী করে রাখতে পারে তালিবান। এর আগে ১৯৯৬ থেকে ২০০১ সাল পর্যন্ত তালিবানি শাসনে একই ধরনের ঘটনা সামনে এসেছে। সেই সময় যৌনপেশায় যুক্ত অনেক মহিলাকে প্রকাশ্যে মেরে ফেলা হয়। গত ২০ বছর ধরে বিবাহ-বহির্ভূত সম্পর্ক থাকা অনেক মহিলাকে খুন করেছে তারা। তাই তালিবানি শাসনে মহিলাদের ফের একই অবস্থা হতে পারে বলে আশঙ্কা করা হচ্ছে। যদিও তালিবানের তরফে এখনো পর্যন্ত মহিলাদের বিরুদ্ধে কোনো ফতোয়া জারি করা হয়নি।

—এপি/পিটিআই

দিল্লিতে টানা ৪দিন কোনো মৃত্যু নেই

নয়াদিল্লি : দিল্লিতে টানা ৪দিন করোনার কোনো মৃত্যু নেই। শহরের স্বাস্থ্য বিভাগের দেওয়া পরিসংখ্যানে এমনটাই জানানো হয়েছে। ওই পরিসংখ্যানে বলা হয়েছে, গত ২৪ ঘণ্টায় মাত্র ৫৫ জনের শরীরে করোনার সংক্রমণ ধরা পড়েছে। এই নিয়ে দিল্লিতে মোট সংক্রমণের সংখ্যা দাঁড়াল ১৪ লাখ ৩৭ হাজার ৯২৯।

স্বাস্থ্য দফতরের সর্বশেষ বুলিটিনে বলা হয়েছে পজিটিভিটি রেট দাঁড়াল ০.০৮%। বুলিটিনে আরো বলা হয়েছে, শুক্রবার মাত্র ৩৫ জনের শরীরে সংক্রমণ মিলেছে। তার আগের দিন ৩৯ জন আক্রান্ত হয়েছে। তার আগের দিন বুধবার আক্রান্ত হয়েছেন ৩৬ জন। তার আগের দিন মঙ্গলবার আক্রান্ত হয়েছেন ২৮ জন।

রাজধানী শহরে হোম আইসোলেশনে রয়েছেন ৮০ জন। সুস্থ্যতার হার বেড়ে দাঁড়িয়েছে ৯৮.২৩%। গত ২৪ ঘণ্টার ব্যবধানে দিল্লি শহরে ৭০ হাজার ৩০৩ জনের করোনা পরীক্ষা হয়েছে। তারমধ্যে আরটিপিসিআর হয়েছে ৪৮ হাজার ৫১০ জনের। অ্যান্টিজেন পরীক্ষা হয়েছে ২১ হাজার ৭৯৩ জনের। এই নিয়ে মোট পরীক্ষা হয়েছে ২ কোটি ৬৯ লাখ ৩২ হাজার ৪১৩ জনের। সম্প্রতি দিল্লির মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়াল দাবি করেছিলেন, অতিমারির তৃতীয় ঢেউয়ের মোকাবিলায় যুদ্ধকালীন প্রস্তুতি নিয়েছে দিল্লি। দিল্লির স্কুলগুলিতে ৯ থেকে ১২ ক্লাশের পঠনপাঠন শুরু হয়েছে দেড় বছর বন্ধ থাকার পর। অতিমারির সময়ে কঠোরভাবে সুরক্ষার প্রোটোকল মেনে চলাতেই তা সম্ভব হয়েছে বলে দাবি করেন উপমুখ্যমন্ত্রী মণীশ সিসোদিয়া।

দিব্যাঙ্গদের জন্য সুন্দরবনে স্কুল চালু

সুভাষচন্দ্র দাশ, ক্যানিং : শনিবার ঝড়খালি কোস্টাল থানার অধীনে নফরগঞ্জ গ্রামপঞ্চায়েতের বড়ো দিন্দারঘেরি গ্রামে লেপ্রসি মিশন ইন্ডিয়া দিব্যাঙ্গদের স্বনির্ভর করতে সেলাই প্রশিক্ষণের স্কুল চালু করল। এদিন এখানে নিখরচায় ওষুধ ও চিকিৎসা পরিসেবা দেওয়া হয়। উদ্যোক্তাদের তরফে মার্ক মলয় আব্রোস বলেন, 'আমরা চাই গ্রামের প্রতিটি মানুষ স্বনির্ভর হয়ে উঠুক। তাই আমরা দিব্যাঙ্গদের সাহায্যের হাত বাড়িয়ে দিয়েছি।'

নব বারাকপুরে দুয়ারে সরকারে উপচে পড়া ভিড়

অলক আচার্য, নব বারাকপুর : শনিবার নব বারাকপুর তপতী বালিকা বিদ্যাবিথী উচ্চ বালিকা বিদ্যালয়ে দুয়ারে সরকার শিবিরে নব বারাকপুর পুরসভার ৯, ১০ ও ১১ নং ওয়ার্ডের নাগরিকদের ভিড় উপচে পড়ে। লোকেরা শৃঙ্খলভাবে লাইনে দাঁড়িয়ে ফর্ম জমা দেন। ছিলেন পুরসভার ৯ নং ওয়ার্ডের কোঅর্ডিনেটর তৃপ্তি মজুমদার। তিনি শিবির ঘুরে দেখেন। লোকজনের অসুবিধার কথা শোনেন।

৭৭ থেকে ৭১

১ পাতার পর

তিনি কখনো শুভেন্দুকে ফোন করেননি বলে জানান কালিয়াগঞ্জের বিধায়ক। তিনি অভিযোগ করেন, বিজেপির সংস্কৃতির সঙ্গে বাংলার সংস্কৃতি মেলে না। বাংলায় বিভাজন করতে চাইছে বিজেপি। যাঁরা দলে ফিরতে চাইছেন তাঁদের বিষয়টি মমতা, অভিষেক বিবেচনা করে সিদ্ধান্ত নেবেন বলে জানান পার্থ। যদিও দলত্যাগী বিধায়কদের বিরুদ্ধে দলত্যাগ বিরোধী আইন অনুযায়ী ব্যবস্থা নেওয়ার জন্য হুঁশিয়ারি দিয়েছে বিজেপি।

৩০ সেপ্টেম্বর মমতার ভবানীপুরে

১ পাতার পর

রয়েছে ওইসব এলাকায় বন্যা হয়নি। রাজ্য প্রশাসন ভোট করাতে প্রস্তুত বলে কমিশনকে জানিয়েছেন মুখ্যসচিব। পশ্চিমবঙ্গের ৩টি কেন্দ্র ছাড়া ওড়িশার পিপলি কেন্দ্র ভোট হবে ৩০ সেপ্টেম্বর। শনিবার থেকেই আদর্শ আচরণ বিধি চালু হয়ে গেছে। কঠোরভাবে করোনা বিধি মেনে চলার নির্দেশ দিয়েছে নির্বাচন কমিশন। ২০ তারিখ থেকে সংশ্লিষ্ট কেন্দ্রগুলিতে প্রচার চালানো যাবে। প্রচারের ক্ষেত্রে নির্দিষ্ট নিয়ম বেঁধে দিয়েছে কমিশন। কোন অডিটরিয়াম বা হলে মোট দর্শক আসনের ২০% অথবা ২০০ জন যেটা কম হবে তত লোক নিয়ে সভা করা যাবে।

খোলা জায়গায় তারকা প্রচারকদের ক্ষেত্রে এক হাজার লোক অথবা মোট লোক ধারণ ক্ষমতার অর্ধেক নিয়ে প্রচার করতে হবে। অন্যান্য প্রচারকদের ক্ষেত্রে ৫০০ লোক নিয়ে প্রচার করতে হবে। খোলা জায়গায় যেখানে সভা হবে জায়গাটি কর্ডন করে ঘিরে দিতে হবে পুলিশকে। রোড শো ও বাইক র‍্যালির অনুমতি দেওয়া হবে না এবার। সর্বোচ্চ ৫০ জন লোক নিয়ে পথসভা করা যাবে। ৫ জন লোক নিয়ে বাড়ি বাড়ি প্রচার চালাতে হবে। ভোটের ৭২ ঘণ্টা আগে প্রচার শেষ করতে হবে। প্রার্থী ও ভোট কর্মীদের প্রত্যেককেই টিকার ২টি ডোজ নিতে হবে।

তালিবানি উল্লাসের

১ পাতার পর

মাসুদ ও আমরুল্লা সালেহ। তাজিক-ই-স্তানে আশ্রয় নিয়েছেন তাঁরা। বিদ্রোহীদের দাবি, পঞ্জশিরে আহমেদ মাসুদ ও সালেহর নেতৃত্বে অন্তত ১০ হাজার যোদ্ধা লড়াই চালাচ্ছে। আফগান সেনাবাহিনীর বহু জওয়ানও যোগ দিয়েছে বিদ্রোহী শিবিরে। স্থানীয়রা জানান, কুন্দুজ, বাঘলান, কপিসা-সহ অন্য প্রদেশগুলি থেকে আফগান ফৌজের জওয়ানরা হাতিয়ার ও গাড়ি নিয়ে পঞ্জশিরে এসে বিদ্রোহীদের সঙ্গে লড়াইয়ে শামিল হয়েছেন।

—এপি/পিটিআই

দেশে কিছুটা কমেছে দৈনিক সংক্রমণ, কমেছে মৃত্যুও

সুখবর ব্যুরো, নয়াদিল্লি : দেশে কিছুটা কমেছে দৈনিক করোনা আক্রান্তর সংখ্যা। পাশাপাশি কমেছে দৈনিক মৃত্যুর সংখ্যাও। গত ২৪ ঘণ্টায় দেশে করোনায় আক্রান্ত হয়েছেন ৪২,৬১৮ জন। আর একদিনে মৃত্যু হয়েছে ৩৩০ জনের। কিন্তু সক্রিয় রোগীর সংখ্যা বেড়ে যাওয়ায় বাড়ছে উদ্বেগ। কারণ, করোনার তৃতীয় ঢেউ নিয়ে আশঙ্কায় রয়েছে দেশ। সংক্রমণ ঠেকাতে প্রায় সব রাজ্যেই জারি হয়েছে কড়া বিধিনিষেধ। তবে এসবের মধ্যেই সক্রিয় রোগীর সংখ্যা বেড়ে যাওয়ার ঘটনা নতুন করে চিন্তায় ফেলছে। কোভিডের দ্বিতীয় ঢেউ আছড়ে পড়ার পর হাসপাতালের বেড ও অক্সিজেনের কীভাবে হাহাকার পড়েছিল, তা ভোলেনি দেশ। আর সে কারণেই নতুন করে সক্রিয় রোগীর সংখ্যা বেড়ে যাওয়া উদ্বেগ বাড়াচ্ছে।

শনিবার স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রকের দেওয়া তথ্য অনুযায়ী, গত ২৪ ঘণ্টায় দেশে ৪২,৬১৮ জন করোনা আক্রান্ত হয়েছেন। শুক্রবারেরর তুলনায় সামান্য কমেছে আক্রান্তর সংখ্যা। সারা দেশের মধ্যে কেরালার পরিস্থিতি সবচেয়ে খারাপ। একদিনে সেখানে ২৯,০০০-এরও বেশি মানুষ সংক্রমিত হয়েছেন। দেশে মোট আক্রান্তর সংখ্যা বেড়ে হয়েছে ৩,২৯,৪৫,৯০৭। একদিনে মারণ ভাইরাসে প্রাণ হারিয়েছেন ৩৩০ জন। দেশে এখনো পর্যন্ত করোনায় মৃত্যু হয়েছে ৪,৪০,২২৫ জনের। গত ২৪ ঘণ্টায় দেশে করোনা সংক্রমণ কমলেও সক্রিয় রোগী বেড়েছে। স্বাস্থ্যমন্ত্রকের রিপোর্ট বলছে, বর্তমানে দেশে করোনায় চিকিৎসাধীন রোগীর সংখ্যা ৪,০৫,৬৮১ জন। সক্রিয় রোগীর ঊর্ধ্বমুখী গ্রাফই যেন তৃতীয় ঢেউয়েরই বার্তা বয়ে আনছে। তবে ভাইরাসের বিরুদ্ধে লড়াইয়ের শক্তি জোগাচ্ছেন করোনাজয়ীরা। পরিসংখ্যান অনুযায়ী, এখনেও পর্যন্ত দেশে মোট ৩,২১,০০,০০১ জন করোনা থেকে মুক্ত হয়েছেন। যার মধ্যে গত ২৪ ঘণ্টায় করোনামুক্ত হয়েছেন ৩৬,৩৮৫ জন। কোটিরও বেশি ভ্যাকসিন দেওয়া হয়েছে। যার মধ্যে গতকালই টিকা পেয়েছেন ৫৮,৮৫,০০০ এরও বেশি মানুষ। তবে টিকাকরণের পাশাপাশি রোগী চিহ্নিত করতে চালু রয়েছে টেস্টিং প্রক্রিয়াও। আইসিএমআরের রিপোর্ট বলছে, গত ২৪ঘণ্টায় ১৭,০৪,৯৭০টি নমুনা পরীক্ষা হয়েছে।

রাজ্যের করোনা

২৪ ঘণ্টায় আক্রান্ত
৭০০
২৪ ঘণ্টায় সুস্থ
৭০৭
২৪ ঘণ্টায় মৃত
৮

দেশের করোনা

২৪ ঘণ্টায় আক্রান্ত
৪২,৬১৮
২৪ ঘণ্টায় সুস্থ
৩৬,৩৮৫
২৪ ঘণ্টায় মৃত
৩৩০